



বিনিয়োগ বোর্ড প্রধানমন্ত্রীর কার্যালয় বিজ্ঞপ্তি



বাংলাদেশে বিদেশি কোম্পানির শাখা, লিয়াজেঁ ও প্রতিনিধি অফিস স্থাপনের অনুমতি এবং বিদেশি নাগরিকদের কর্মানুমতি প্রদানের কর্মপদ্ধতি, ২০১১-এর বর্ণিত কর্মানুমতির মেয়াদ-সম্পর্কিত ৭(ক) অনুচ্ছেদটি সংশোধিত হওয়ায় নিম্নোক্তরূপে ৭(ক) অনুচ্ছেদ প্রতিস্থাপিত করা হলো।

৭। কর্মানুমতির মেয়াদকাল :

(ক) (i) কর্মানুমতি ০৫ বছরের জন্য দেওয়া যাবে। এ ক্ষেত্রে প্রাথমিকভাবে ১ (এক) বছর এবং পরবর্তী সময় স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক নিরাপত্তা ছাড়পত্র/অনাপত্তিপত্র প্রদান সাপেক্ষে একই সঙ্গে ৪ (চার) বছরের জন্য কর্মানুমতি (Work Permit) নিম্নোক্ত শর্তসাপেক্ষে নবায়ন করা যাবে।

(ii) কর্মানুমতি (Work Permit) জারির পর স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক ১৫ কার্যদিবসের মধ্যে নিরাপত্তা ছাড়পত্র (Security Clearance) প্রদান নিশ্চিত করতে হবে।

জনস্বার্থে এ সংশোধনী জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

শর্তাবলি :

১. প্রাথমিকভাবে ১ (এক) বছরের কর্মানুমতি প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনের পর অনুমোদিত হলে প্রতি জনের জন্য নির্ধারিত ফি সংশ্লিষ্ট ব্যাংক/ট্রেজারি চালানের মাধ্যমে জমা করতে হবে।
২. পরবর্তীতে ০৪ বছরের কর্মানুমতি নবায়নের ক্ষেত্রে প্রতি জনের জন্য নির্ধারিত ফি প্রতি বছর বা এর অংশ বিশেষের জন্য সংশ্লিষ্ট ব্যাংক/ট্রেজারি চালানের মাধ্যমে জমা করতে হবে।
৩. স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক অনাপত্তি/নিরাপত্তা ছাড়পত্র থাকতে হবে।
৪. বিদেশি প্রকর্মীর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রতিবছরের আয়কর প্রত্যায়নপত্র এ কার্যালয়ে নিয়মিতভাবে দাখিল করতে হবে।
৫. ১২২তম আন্তঃমন্ত্রণালয় কমিটির সিদ্ধান্ত মোতাবেক বিদেশি প্রকর্মীর কর্মানুমতি বৃদ্ধির ক্ষেত্রে বাস্তবতার নিরিখে প্রতিবছর মূল বেতনের ওপর ন্যূনতম ১০% বৃদ্ধি করে বেতন নির্ধারণীপত্র জমা দিতে হবে।
৬. বর্ণিত কর্মানুমতির মেয়াদকালে বিদেশি প্রকর্মীর বিরুদ্ধে কোনো প্রকার রাষ্ট্রবিরোধী, আইনশৃঙ্খলা পরিপন্থী কিংবা অন্য কোনো অসামাজিক/অনৈতিক কর্মকাণ্ডে লিপ্ত থাকার অভিযোগ প্রমাণিত হলে কর্তৃপক্ষ কর্তৃক কর্মানুমতিপত্র বাতিল করা হবে।
৭. কর্মানুমতি প্রদানকারী কর্তৃপক্ষ সময় সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এবং বিদেশি প্রকর্মীর বিষয়ে পরিদর্শন/তদন্ত করার এখতিয়ার রাখে।
৮. বিদেশি প্রকর্মীদের কর্মানুমতি ০৫ বছরের পর কোনোক্রমেই আর বৃদ্ধি করা হবে না। এটাই চূড়ান্ত সিদ্ধান্ত।